**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 02-02-2026** **Desk in Charge: Kalyan L.**

**Time : 1-30 PM** **Compiling : PPM / Priya B.**

**DEO : KB** **NRT : Sreejit M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সংসদের উভয় কক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর যৌথ অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচনা চলছে।

২) ভারত-মার্কিন কৌশলগত অংশীদারিত্ব ফোরাম কেন্দ্রীয় বাজেটকে স্বাগত জানিয়েছে।

৩) সারা দেশে কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয়ে ৭ লক্ষেরও বেশি ছাত্রী ভর্তি হয়েছে বলে সরকার জানিয়েছে।

৪) বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ তিন দিনের মার্কিন যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন।

৫) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ থেকে ছয় দিনের সফরে ওড়িশা ও ছত্তিশগড়ে যাচ্ছেন।

৬) বালুচিস্তানে দুই দিনের সামরিক অভিযানে পাকিস্তানের নিরাপত্তা বাহিনী ১৪৫ জনকে হত্যা করেছে বলে জানিয়েছে বালুচিস্তান প্রাদেশিক প্রশাসক ।

****************************************************************************

২৫ শে জানুয়ারি সংসদের উভয় কক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর যৌথ অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আজ লোকসভা এবং রাজ্যসভায় আলোচনা চলছে। লোকসভায় বক্তব্য রাখছেন কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল। তিনি বলেছেন, রাষ্ট্রপতি মুর্মুর প্রস্তাব দিক নির্দেশকারী। এই প্রস্তাব বিকশিত ভারতের লক্ষ্যে ভবিষ্যতকে অনুপ্রাণিত করবে। 'সব কা সাথ- সব কা বিশ্বাস এবং সবকা প্রয়াস' আর স্লোগান নয়, সরকারের নীতই হয়ে দাঁড়িয়েছে।

( বাইট – সোনোয়াল )

রাজ্যসভায় প্রস্তাবটি উত্থাপন করেন বিজেপি সাংসদ সি সদানন্দন মাস্টার।

এর আগে সংসদ ভবনের বাইরে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজেজু সাংবাদিকদের বলেন, ধন্যবাদ সূচক প্রস্তাবের ওপর মোট ১৮ ঘন্টা আলোচনা হওয়ার কথা। আগামী বুধবার লোকসভায় জবাবী ভাষণ দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অন্যদিকে রাজ্যসভায় এই বিষয়ে আলোচনার জন্য ১৬ ঘন্টা বরাদ্দ হয়েছে। এই সংক্রান্ত আলোচনার পর লোকসভায় ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেট নিয়ে আলোচনা শুরু হবে।

( বাইট- কিরেণ রিজেজু )

************************

ভারত-মার্কিন কৌশলগত অংশীদারিত্ব ফোরাম (USISPF) ২০২৬-২৭ কেন্দ্রীয় বাজেটকে স্বাগত জানিয়েছে। বাজেট প্রস্তাবনাকে প্রগতিশীল এবং বিস্তৃত বলে উল্লেখ করে ফোরামের পক্ষ থেকে বলা হয়েছে, এর ফলে ভারতের প্রতিযোগিতার মনোভাব,বিনিয়োগ বৃদ্ধি এবং বানিজ্য সহায়ক হবে। বিবৃতিতে বলা হয়েছে, বাজেট প্রস্তাবে, বাণিজ্যকে সহজ করা, আমদানি শুল্কে আধুনিকিকরণ, যুক্তিযুক্ত কর ব্যবস্থা, ব্যাঙ্কিং ক্ষেত্রের পুনর্গঠন ইত্যাদি বিষয়গুলি গুরুত্ব পাওয়ায়, আন্তর্জাতিক বিনিয়োগের কেন্দ্র হয়ে উঠবে।

************************

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চেয়ারম্যান চাল্লা শ্রীনিবাসুলু শেঠি বলেছেন, ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট সারা বিশ্বের মধ্যে ভারতকে উদ্ভাবন এবং উৎপাদনের একটি কেন্দ্রে

পরিণত করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গতকাল লোকসভায় পেশ করা বাজেটকে স্বাগত জানিয়ে শেঠি বলেন, এই বছরের বাজেট নীতিগত ধারাবাহিকতা এবং করের ক্ষেত্রে পূর্বাভাসযোগ্যতা বজায় রেখেছে।

এসবিআই চেয়ারম্যান উল্লেখ করেন, এখন চন্দন কাঠ, কাজুবাদাম এবং মৎস্যচাষের মতো উচ্চমূল্যের পণ্যের উপর মনোযোগ দেওয়া হবে। তিনি আরও বলেন, এই বাজেটে পরিষেবা, পর্যটন, অরেঞ্জ ইকোনমি এবং শিক্ষার উপর জোর দেওয়া হয়েছে, যা সময়োপযোগী উদ্যোগ।

************************

মহারাষ্ট্রের উপ মুখ্যমন্ত্রী সুনেত্রা অজিত পাওয়ার,কেন্দ্রীয় বাজেটকে স্বাগত জানিয়ে বলেছেন, এই বাজেট যুবকেন্দ্রিক এবং কৃষক বান্ধব। রাজ্যের একাধিক প্রকল্পে অর্থ বিনিয়োগের প্রস্তাব বিষয়ে তিনি বলেন, রাজ্যের উন্নয়নে এই বিনিয়োগ বিশেষভাবে সাহায্য করবে। শহর এবং গ্রামীণ অঞ্চলে বিনিয়োগ রাজ্যের ভারসাম্যের উন্নয়নের সহায়ক হবে বলে উপ মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

************************

সরকার জানিয়েছে, বর্তমানে সারা দেশে কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয়ে ৭ লক্ষেরও বেশি ছাত্রী ভর্তি রয়েছে। আজ লোকসভায় অতিরিক্ত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানান, এদের মধ্যে ২ লক্ষেরও বেশি ছাত্রী তফসিলি জাতি, ১ লক্ষ ৭৭ হাজার তফসিলি উপজাতি এবং ২ লক্ষ ৬৪ হাজার অন্যান্য অনগ্রসর শ্রেণির অন্তর্ভুক্ত। প্রান্তিক গোষ্ঠীভুক্ত মেয়েদের জন্য প্রাথমিক স্তরে আবাসিক বিদ্যালয় স্থাপনের লক্ষ্যে ২০০৪ সালের জুলাই মাসে কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয় প্রকল্প চালু করা হয়েছিল। তিনি বলেন, কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্দেশ্য হলো আবাসিক বিদ্যালয় স্থাপনের মাধ্যমে সুবিধাবঞ্চিত গোষ্ঠীর মেয়েদের জন্য শিক্ষার সুযোগ এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করা।

মন্ত্রী আরও জানান যে, বিদ্যালয়ে মেয়েদের মোট ভর্তির হারও বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, সরকার মেয়েদের মধ্যে শিক্ষার প্রসার এবং তাদের ক্ষমতায়নের জন্য

প্রতিশ্রুতিবদ্ধ। শ্রী প্রধান উল্লেখ করেন, ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেটে সরকার দেশের প্রতিটি জেলায় মেয়েদের জন্য হোস্টেল স্থাপনের ঘোষণা করেছে।

************************

পশ্চিমবঙ্গ বিধানসভার অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। অধিবেশন চলবে ৯ ই ফেব্রুয়ারি পর্যন্ত। শোক প্রস্তাব গ্রহণের পর অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। পাঁচ-ই ফেব্রুয়ারি অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বিধানসভা ভোটের আগে তিনমাসের জন্য রাজ্যের 'অন্তর্বর্তীকালীন বাজেট' প্রস্তাব পেশ করবেন।

এদিকে, অধিবেশনের আগে আজ দুপুরে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরহিত্যে সর্বদলীয় বৈঠক হবে। পরে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকও ডাকা হয়েছে।

************************

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ তিন দিনের মার্কিন যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন। মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও'র ডাকে বিরল খনিজ সংক্রান্ত মন্ত্রী পর্যায়ের বৈঠকে অংশ নিতে এই সফর বলে জানা হয়েছে। বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে,মন্ত্রী পর্যায়ের এই বৈঠকে সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি পরিচ্ছন্ন শক্তি এবং কৌশলগত সহযোগিতার ওপর বিশেষ জোর দেওয়া হবে। ডঃ জয়শঙ্কর মার্কিন প্রশাসনের একাধিক শীর্ষ নেতৃত্বের সঙ্গেও বৈঠক করবেন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ আজ থেকে ওড়িশা ও ছত্তিশগড়ে ছয় দিনের সফরে যাচ্ছেন। এই সফরে রাষ্ট্রপতি বালাসোরে ফকির মোহন বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন এবং এর নবনির্মিত প্রেক্ষাগৃহের উদ্বোধন করবেন। বুধবার তিনি রাইরঙ্গপুরের মাহুলডিহায় অবস্থিত সরকারি বালিকা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভঞ্জবীর সোনারাম সোরেনের মূর্তির আবরণ উন্মোচন করবেন এবং শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করবেন। তিনি সরকারি আয়ুর্বেদ মেডিকেল কলেজ ও হাসপাতাল, ও ইউ এ টি ক্যাম্পাস, তীরন্দাজ কেন্দ্র, শহর সৌন্দর্যবর্ধন এবং নিকাশী ব্যবস্থার আধুনিকীকরণ প্রকল্পসহ বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

আগামী শুক্রবার ছয় তারিখে রাষ্ট্রপতি সিমলিপালে জনজাতি সম্প্রদায়ের মহিলা ও যুবকদের সঙ্গে মতবিনিময় করবেন। তিনি ভুবনেশ্বরে ওড়িশা সরকার এবং গ্লোবাল ফাইন্যান্স অ্যান্ড টেকনোলজি নেটওয়ার্কের সহযোগিতায় আয়োজিত ‘ব্ল্যাক সোয়ান সামিট, ইন্ডিয়া’ অনুষ্ঠানেও উপস্থিত থাকবেন। ৭ তারিখে রাষ্ট্রপতি ছত্তিশগড়ের জগদলপুরে বস্তার পান্ডুম ২০২৬ উৎসবের উদ্বোধন করবেন।

***********************

চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহানের নেতৃত্বে একটি প্রতিরক্ষা প্রতিনিধিদল চার দিনের সরকারি সফরে আর্মেনিয়ায় পৌঁছেছে। দুই দেশের মধ্যে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা জোরদার করার উদ্দেশ্যেই এই সফর ।

গতকাল আর্মেনিয়ার রাজধানী ইয়েরেভানে পৌঁছানোর পর উচ্চ-পর্যায়ের ভারতীয় প্রতিনিধিদলকে স্বাগত জানান আর্মেনিয়ায় নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত নীলাক্ষী সাহা সিনহা এবং আর্মেনিয়া প্রজাতন্ত্রের সশস্ত্র বাহিনীর ডেপুটি চিফ তেমুর শাহনাজারিয়ান।

***********************

বালুচিস্তানে বালোচ লিবারেশন আর্মির হামলার প্রেক্ষিতে দুই দিনের সামরিক অভিযানে পাকিস্তানের নিরাপত্তা বাহিনী ১৪৫ জনকে হত্যা করেছে। প্রাদেশিক মুখ্যমন্ত্রী সরফরাজ বুগতি বলেছেন, এই অভিযানটি প্রায় ৪০ ঘণ্টা ধরে চলেছে।সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে, প্রথমে হামলাকারীরা সাধারণ নাগরিকের ছদ্মবেশে হাসপাতাল, স্কুল, ব্যাংক এবং বাজারে প্রবেশ করে গুলি চালায়।

বালোচ লিবারেশন আর্মি এই হামলার দায় স্বীকার করে বলেছে, তারা নিরাপত্তা বাহিনীর বিরুদ্ধে ‘হেরোফ’ বা ব্ল্যাক স্টর্ম নামে একটি পরিকল্পিত অভিযান চালিয়েছিল।

***********************

দলের শীর্ষ নেতৃত্বে মহিলাদের জায়গা পাওয়ায় নিষেধাজ্ঞা সংক্রান্ত জামাত-ই-ইসলামীর বক্তব্যকে সমর্থন জানিয়েছে সংগঠনটির মহিলা শাখা। দেশ জুড়ে এ নিয়ে সমালোচনার ঝড় উঠলেও জামাত-এর কেন্দ্রীয় মহিলা বিভাগের সম্পাদিকা নরুন্নিশা সিদ্দিকা বলেছেন, পুরুষরা মহিলাদের অভিভাবক এবং চালিকা শক্তি। তাই সংগঠনের আমির

পদে কোনো মহিলার আসা কোনোভাবেই সমর্থনযোগ্য নয়। কোরান উদ্ধৃত করে তিনি এই কাঠামোকে বাধ্যতামূলক এবং অপরিবর্তনীয় বলেও জানান।

বাংলাদেশের শীর্ষ প্রশাসনে মহিলা প্রধানমন্ত্রীদের ভূমিকার কথাও সিদ্দিকা তুলে ধরেন। তিনি বলেন, বিগত দিনে বাংলাদেশে প্রধানমন্ত্রী পদে মহিলারা আসীন হলেও নারীদের সমস্যার কোনো সমাধান হয়নি। কমেনি হিংসাও।

উল্লেখ্য, জামাতের আমির সফিকুর রহমানের এক্স হ্যান্ডেল থেকে মেয়েদের গুরুত্বপূর্ণ পদে আসা নিয়ে একটি আপত্তিকর ও অপমানজনক পোস্ট করা হয় বলে অভিযোগ।

যদিও রহমানের ভ্যারিফায়েড অ্যাকাউন্ট থেকে পরে ডিলিট করা হয়। এর প্রেক্ষিতে সেদেশের জাতীয়তাবাদী ছাত্রদল জেসিডি, গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামনে বিক্ষোভ দেখায়। জামাত-ই-ইসলামী সমস্ত অভিযোগ খারিজ করে আমিরের অ্যাকাউন্ট হ্যাক করা হয়েছে বলে জানায়।

******************************************************************